

শিশুশিক্ষায় আইক্লাস রুম-২০১২

জন্মের পর থেকেই শিখা নিতে থাকে মানুষ। আর আনুষ্ঠানিকভাবে শিশুদের শিক্ষা প্রাইমারি স্কুল থেকে শুরু হয়। আর, বর্তমান ডিজিটাল যুগে শিশুর পাঠকে আধুনিক আর অধিকতর সহজ করতে সম্প্রতি ত্রিমাত্রিক ও মাস্টার কম্পিউটার শিক্ষামূলক একটি সফটওয়্যার আইক্লাস রুম-২০১২ উদ্ভাবন করেছে। এ সফটওয়্যারের মাধ্যমে শিশু শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত সহজ উপায়ে পাঠদান করা সম্ভব। এটি শিশু শিক্ষার্থীদের উপযোগী শিক্ষামূলক ইন্টারএকটিভ মাল্টিমিডিয়া সফটওয়্যার সিরিজ। প্রাক প্রাথমিক বিদ্যালয় শিক্ষার্থীদের জন্য আই-শিশুশিক্ষা এবং প্রথম শ্রেণী হতে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের বাংলা, ইংরেজি, গণিত, সমাজ ও বিজ্ঞান বিষয়ে মোট ২১টি সফটওয়্যার উন্নয়ন করা হয়েছে। এ সফটওয়্যারগুলো প্রাথমিক বিদ্যালয়ের শিশু শিক্ষার্থীদের বই পাঠে কার্যকরী, ফলপ্রসূ ও তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখে। এ সফটওয়্যার উন্নয়নে সর্বমোট কর্মীরা জানিয়েছেন, বর্ণ, চিত্র, শব্দ এবং এগুলোর এনিমেশনে কম্পিউটার মাল্টিমিডিয়া প্রযুক্তি ব্যবহার করে

বিশেষভাবে সফটওয়্যারগুলো প্রণয়ন করা হয়েছে। যেগুলোর বৈশিষ্ট্য ইন্টারএকটিভিটি ও ডাইনামিজম। টিভি, ভিডিও, চসচ্চিত্রে কোন ব্যক্তি কেবল দর্শক। কিন্তু আই ক্লাসরুম সফটওয়্যারগুলো ইন্টারএকটিভ হওয়ায় ছাত্রছাত্রী তার পাঠ উপকরণ একইসঙ্গে দেখতে, শুনেও নিয়ন্ত্রণ করতে পারবে। আর এতে একটি শিশু পাঠ গ্রহণ প্রক্রিয়ায় সরাসরি অংশগ্রহণের সুযোগ পাবে। ফলে আই ক্লাসরুম সফটওয়্যার অপারেট করার সময় শিক্ষার্থীদের মনোযোগ সম্পূর্ণ কেন্দ্রীভূত থাকে। সফটওয়্যারটি পরিচালনার সময় প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত পাঠ্যপুস্তকগুলোর প্রতিরূপ শব্দ, চিত্র ও স্বরবর্ণের মাধ্যমে পাঠকর্ম কম্পিউটারের পর্দায় ছাড়াই করা হয়েছে। বিষয়গুলো ছাত্রছাত্রী চোখের সামনে দেখতে পাবে। এতে পাঠ্য বিষয়টি খুব সহজেই শিশুর বোধগম্য হবে। আই ক্লাসরুম সফটওয়্যারগুলো ইতিমধ্যে সারাদেশের বিভাগীয় শহরগুলোতে পৌঁছে গেছে। শিশু শিক্ষার উপযোগী এ সফটওয়্যারগুলো বিষয়ে আরও বিস্তারিত জানতে মেইল করতে পারেন hsdocht@gmail.com এ ঠিকানায়।

—আইটি রিপোর্ট